দৈনিক জনকণ্ঠ

তারিখ 16 JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ৭

13

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয় যুগান্তকারী ভূমিকা রাখবে

—জন জরস্কি, বিবিসি

উন্মুক্ত শিক্ষা পদ্ধতি উদ্ভবের বেশ কিছু পরিপ্রেক্ষিত আমার চোখে পড়ে। উন্নত দেশসমূহের মানুষের কর্মব্যস্ততা, অনুন্নত দেশগুলোতে ক্রমবর্ধমান শিক্ষার্থীর চাপ ও দারিদ্র্যের পরিপ্রেক্ষিতে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ধারণা পৃথিবীব্যাপী বিস্তার লাভ করছে। বাংলাদেশ একটি জনবহুল উন্নয়নশীল দেশ। এই বিশাল জনগোষ্ঠীর উচ্চশিক্ষার চাহিদা মেটানো প্রচলিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর পক্ষে সম্ভব নয়। আমি মনে করি, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বাংলাদেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ভর্তি সঙ্কট নিরসনে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

বিবিসি'র এডুকেশনাল টেলিভিশনের সিনিয়র প্রযোজক জন জরস্কি এক সাক্ষাতকারে এ মন্তব্য করেছেন। জন জরস্কি এখন বাংলাদেশে রয়েছেন। কাজ করছেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মিডিয়া সেন্টারের কনসালট্যান্ট হিসাবে। বিবিসিতে এডুকেশনাল টিভি প্রোগ্রাম তৈরির ক্ষেত্রে তাঁর প্রচুর সুনাম রয়েছে। ব্রিটেনের উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম খুব কাছ থেকে দেখেছেন তিনি। বাংলাদেশে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের সাফল্য সম্পর্কে জন জরস্কি বেশ আশাবাদী।

জন জরস্কি বলেন, বাংলাদেশে সাধারণ বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য যে বিশাল অবকাঠামো গড়ে তুলতে হয় তার তুলনায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপন করা অনেক সুবিধাজনক। সাধারণ বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের বছরের পর বছর পড়াশুনার খরচ যোগানো দরিদ্র অভিভাবকদের জন্য কষ্টকর। সে তুলনায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শিক্ষার ব্যয় পড়বে অনেক কম। বাংলাদেশের মতো এই বিশাল জনগোষ্ঠীর দেশে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এক যুগান্তকারী ভূমিকা রাখতে পারে।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান অন্যান্য বিশ্ববিদ্যালয়ের তুলনায় নিচে—এমন ধারণা জন জরস্কি নাকচ করে দেন। তিনি বলেন, এমন ধারণা করা মোটেই ঠিক নয়। ব্রিটেন, অস্ট্রেলিয়াসহ পৃথিবীর অনেক দেশেই উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েটদের কখনও খাটো করে দেখা হয় না। ব্যক্তির দক্ষতা এবং জ্ঞানের গভীরতাই সার্টিফিকেটকে মূল্যবান করে। তবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় সম্পর্কে মন্তব্য করার সময় এ ঘটনা আসেনি। আমি আশা করি, সঠিক ব্যবস্থাপনা এবং যুগোপযোগী পাঠ উপকরণ প্রণয়ন ও তৈরির মাধ্যমে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় দক্ষ গ্র্যাজুয়েট তৈরিতে অবদান রাখবে।



জন জরস্কি, সিনিয়র প্রযোজক, বিবিসি

*সাক্ষাতকার গ্রহণ ॥*
*মাহফুজুর রহমান*